# এপ্রিল/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

প্রশাসক ঃ মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ ঃ ২২/০৪/২০২৫ খ্রি.।

সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন আগামী ১৫ মার্চ/২০২৫ সারা দেশের ন্যায় অনুষ্ঠিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ বিষয়ে আলোচনান্তে জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন আগামী ১৫ মার্চ/২০২৫ উপলক্ষ্যে কাউনিয়া উপজেলায় সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বরাদ্দকৃত ৩০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে অড়হড় ফসলের আবাদ বৃদ্ধির জন্য ৬০ কেজি বীজ বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত বীজের মূল্যের থেকে কৃষক পর্যায়ে বর্তমানে বাজার মূল্য বেশী হওয়ায় উপজেলা পরিষদ হতে =১২,০০০/- টাকা বীজ ক্রয়ের জন্য সহযোগীতার জন্য অনুরোধ করেন। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রনোদনা কর্মসূচির কৃষক পর্যায়ে বর্তমানে বাজার মূল্য বেশী হওয়ায় ঘাটতি মূল্য উপজেলা উন্নয়ন তহবিল পরিষদ হতে =১২,০০০/- টাকা ভাউচার মূলে জমা প্রদান উপজেলা কৃষি অফিসার কাউনিয়াকে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ,উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, এলডিডিপি প্রকল্পের আওতায় পাওয়া ১৭টি গ্রাস চপার মেশিন উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর মহোদয় কর্তৃক ২০/০২/২০২৫ খ্রি. তারিখে প্রকল্পের বিধি মোতাবেক হস্তান্তর করা হয়েছে। তিনি আরো জানান রমাদান মাস উপলক্ষে দুধ, মাংস, ডিম এর বাজার নিয়ন্ত্রণে রাখার জন্য মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, রাজস্ব বাজেটের আওতায় বিল নার্সারি কার্যক্রম এপ্রিল/২০২৫ এ শুরু হবে। যেহেতু বৃষ্টি শুরু হয়েছে এবং তিস্তার পানি বৃদ্ধি পাচ্ছে সেক্ষেত্রে মৎস্য সংরক্ষণ আইন জোরদার করা হচ্ছে। মার্চ মাসে হারাগাছ খানসামা হাট থেকে নিষিদ্ধ আফ্রিকান মাগুর মাছ জব্দ করা হয়েছে এবং তা এতীমখানায় বিতরণ করা হয়েছে।এছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

**৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**

০৫ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | বাস্তবায়নে: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| মার্চ /২০২৫ | ৩২৮ | ৩৯ | ৩৩০ | -- | ১৪ | -- | -- | ৭১১ |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা

| | | | |
|---|---|---|---|
| | | হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমূলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ০১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫. ২০.০৪৫.২০. ০০৪.২৩(অংশ-১)-৭৭৫, তারিখ ঃ ২০ মার্চ ২০২৫ মোতাবেক রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন টেপামধুপুর ইউনিয়নের পাগলারথান সার্বজনীন দূর্গা মন্দির থেকে মাকিপাড়া হয়ে বুড়িরহাটগামী (চেইঃ ১০০০ মিটার) রাস্তা নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের জন্য ৬০ লক্ষ টাকার মঞ্জুরী প্রদান করা হয়। বাস্তবে ১০০০মিটার RCC রাস্তার জন্য প্রাক্কলন ছিল ১,৯০,৭৯,৯৬৫/-টাকা, (ডিসেম্বর/২০২৪ উপজেলা পরিষদ মাসিক সভার রেজুলেশন স্মারক নং-১১২১,তারিখঃ ৩১/১২/২০২৪)। তাই সর্বসম্মতিক্রমে আপাতত উক্ত বাজেটের (৬৩ লক্ষ) মধ্যে ৪০০ মিঃ রাস্তা RCC দ্বারা পাকা করার সিদ্ধান্ত হয়। ৪০০ মিঃ রাস্তা RCC করার জন্য (বালু ফিলিং ২০০মিঃমিঃ, PCC ৭৫মিঃমিঃ এবং RCC ১৫০ মিঃমিঃ) মোট ৬২,৯৬,৫২৯.০০ টাকা প্রাক্কলন করা হয়। পরবর্তীতে প্রাক্কলন উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা প্রশাসকের অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। পরবর্তীতে APP করে LTM পদ্ধতিতে টেন্ডার আহ্বান করার জন্য মাসিক সভা উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদের সর্বম্মতিক্রমে টেন্ডারসহ যাবতীয় কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউনিয়া। |
| | | ২. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২৩(অংশ-১)-৮২৭ নং স্মারক পত্র অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে রংপুর জেলার কাউনিয়া উপজেলা পরিষদের অনুকুলে =৫৩,০০,০০০/- (তিপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ এবং মন্ত্রণালয় কর্তৃক উক্ত টাকা ব্যয়ের প্রাক্কলিত ডিজাইন পাওয়া গিয়েছে। উক্ত টাকা প্রাক্কলিত ডিজাইন অনুযায়ী ব্যয়ের জন্য দরপত্র আহবান করা প্রয়োজন। জায়গা নির্ধারণ করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। সভায় এ বিষয়ে সিদ্ধান্তের জন্য উপস্থাপন করেন। | ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে রংপুর জেলার কাউনিয়া উপজেলা পরিষদের অনুকুলে =৫৩,০০,০০০/- (তিপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ এবং মন্ত্রণালয় কর্তৃক উক্ত টাকা ব্যয়ের প্রাক্কলিত ডিজাইন মোতাবেক উপজেলা পরিষদ চত্বরে অডিটোরিয়ামের উত্তর-পূর্ব পার্শ্বে ফাঁকা স্থানে পাবলিক লাইব্রেরী নির্মাণের জন্য বিধি মোতাবেক দরপত্র আহবানসহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুরকে অনুরোধ করা হয়।এছাড়া সচিব,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ০৩। বিজলের ঘুন্টি থেকে বড়দরগায় রাস্তা ও বাসষ্ট্যান্ড থেকে কাউনিয় রাস্তা মেরামত এর জন্য ঠিকাদার কাজ শুরু করেছে। এই প্রেক্ষতে উক্ত ০২টি রাস্তায় পুরাতন ০২টি কালভার্ট নিলাম করার জন্য উক্ত সভায় উপস্থাপন করা হলো। উক্ত স্থানে নতুন কালভার্ট নির্মাণ হবে। | সর্বসম্মতিক্রমে কালভার্ট ০২টি নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ০৪। ADP ও UDF আহ্বানকৃত দরপত্র ৫% উদৃত্ত টাকা থেকে নিম্নোক্ত প্রকল্পগুলো জনগনের আবেদনের ভিত্তিতে বাস্তবায়ন করা যেতে পারে।<br>**ADP টেন্ডারের ৫% উদৃত্ত টাকার প্রকল্প**<br>ক) জুম্মাপাড়া থেকে বেইলি ব্রীজ ভায়া রামকৃষ্ণপুর ৩নং ওয়ার্ড কুর্শা ইউনিয়নের প্যালাসাইডিং কাজ । ৩,৪৫,০০০/- (Tender LTM)<br>খ) শহীদবাগ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের বুড়ার দীঘির পাড়ে রাস্তায় ইউড্রেন নির্মাণ। ১,৫০,০০০/- (PIC)<br>**UDF টেন্ডারের ৫% উদৃত্ত টাকার প্রকল্প**<br>ক) কাউনিয়া থানায় ব্যারাক নির্মাণ- ২,০০,০০০/- (PIC)<br>খ) কাউনিয়া বাসষ্ট্যান্ড থেকে অন্নদা নগর রাস্তায় ইউ ড্রেনের টপ স্লাপ মেরামত এবং কর্শা ইউয়িনের পাকা রাস্তায় ইউ ড্রেনের টপ স্লাব মেরামত। ১,৫০,০০০/- (RFQ)<br>গ) বালাপাড়া ইউনিয়নের ১নং ওর্য়াড এ মাহাম বাজার থেকে কাউনিয়া টিএনটি মোড় ভায়া শুরুজ কমান্ডর বাড়ির রাস্তার রেল লাইনের ক্রসিং এর আগেই প্যালাসাইডিং নির্মাণ। ২,০০,০০০/-(Tender LTM)<br>ঘ) টেপামধুপুর ইউনিয়নে আসল আতর ব্যারাক আশ্রয় কেন্দ্র গাইড ওয়াল নির্মান। ৪,০০,০০০/- (Tender LTM) | উপজেলা পরিষদের সর্বম্মতিক্রমে টেন্ডারসহ যাবতীয় কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, পবিত্র মাহে রমজান, শুভ দোলযাত্রা, স্বাধনিতা ও জাতীয় দিবস, জুমাতুল বিদা, শব-ই কদর ও ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল প্রতিষ্ঠানে ০২ মার্চ-২৫ হতে ০৮ এপ্রিল-২৫ পর্যন্ত বন্ধ চলমান। আগামী ১০ এপ্রিল-২৫ হতে এস.এস.সি, ভোকেশনাল ও দাখিল পরীক্ষা শুরু হবে এবং ০৮ মে-২৫ পর্যন্ত চলবে। পরীক্ষার্থীর সংখ্যা এস.এস.সি ৩,১০৮জন , দাখিল ৫৩৫জন ও ভোকেশনালে ২৬৯ জন মোট ৩,৯১২ জন। এছাড়া তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্য়ক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের (১ম ও ২য় পর্যায়) গ্রামীণ অবকাঠাসো সংস্কার (কাবিখা/কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির কাজ চলমান। ৩য় পর্যায় প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলায় পাঠানো হয়েছে। ইজিপিপি হালনাগাদ তালিকা সফট কপি ৫টি ইউনিয়ন থেকে পাওয়া গেছে। কুর্শা ইউনিয়নের তালিকা পাওয়া যায়নি। ২০২৩-২৪ অর্থ বচরের সেতু/কালভার্ট প্রকল্পের ০৯টি ব্রিজের মধ্যে ০৪টি ব্রীজ ৯৫% শেষ হয়েছে। বাকি ০৫টির কাজ ৬০% শেষ হয়েছে। আগামী ১৫-২০ দিনের মধ্যে কাজ শেষ হবে। এইচবিবি প্রকল্পের কাজ শুরু হয়েছে।। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বলেন যে ভি ডব্লিউ বি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির আবেদন কার্যক্রম সার্ভার জটিলতার কারণে বন্ধ আছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২৫ মাস পর্যন্ত চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৯০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৯২ জনকে আত্মকর্মে নিয়োজিত করা হয়েছে। যুব কল্যাণ তহবিলের অনুদান প্রাপ্তির জন্য ০৬টি যুব সংগঠনের আবেদন এবং ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড এর জন্য একজন আবেদন কারীর আবেদন অনলাইনে প্রেরণ করা হয়েছে। মাসিক ঋণ আদায় হার ৮৮% এবং ক্রমপুঞ্জিত আদয় হার ৮৭%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, সমবায় সমিতি নিবন্ধন (অনলাইন), অডিট, পরিদর্শন তদারকী চলমান। রাজস্ব আদায় চলমান। জুন/২৫ এর মধ্যে শতভাগ আদায়ের লক্ষমাত্রা। আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, রংপুর এবং বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লাতে প্রশিক্ষণ চলমান। মার্চ-২০২৫ পর্যন্ত ৩৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আইজিএর সাথে কম্পিউটার, সমবায় ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ, বিউটিফিকেশন, ব্লক-বাটিক, সেলাই, সবজী চাষ, মৎস্য চাষ, গরু মোটাতাজাকরণ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, উপজেলার একটি রাস্তার গাছের মূল্য নির্ধারণ কাজ চলমান। এছাড়া তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালন্যর সিদ্ধান্ত হয় | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) জানান যে, ওয়াটসন কমিটির মাধ্যমে ৭২টি অগভীর নলকূপের জন্য লটারি মাধ্যমে চুড়ান্ত বাছাই করা হয়েছে। | আলোচনান্তে সিদ্ধান্ত অনুমোদন করা হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্যকাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, জানান যে কাউনিয়া জোনাল অফিসের স্থান পরিবর্তন করা হয়েছে। নতুন স্থানান্তরিত অফিসের ঠিকানা সম্পর্কে গ্রাহক পর্যায়ে অবহিত করনের জন্য সম্পূর্ন এলাকায় ০২দিন ব্যাপি মাইকিং করা হয়েছে। এবং বিভিন্ন জায়গায় স্থান পরিবর্তন সংক্রান্ত পোস্টার টানানো হয়েছে। চলমান এসএসসি পরীক্ষা ও গ্রীষ্ম মৌসুম বিবেচনায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার ব্যবস্থা নেয়া হচ্ছে। প্রয়োজনীয় লোকবল নিয়োজিত আছে। এছাড়া সরকারী অফিস সমূহের বকেয় বিদ্যুৎ বিল জুন/২৫ মাসের মধ্যে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণের জন্য | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএমকাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকলকে অনুরোধ করেন। | | |

১৮. আনসার ও ভিডিপি বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বিভাগীয় পর্যায়ে চলমান প্রশিক্ষণে কাউনিয়া উপজেলা থেকে ০২ জনকে প্রেরণ করা হয়েছে। প্রতিভা অন্বেষণ ক্যাম্প কাউনিয়া থেকে বাছাইপূর্বক কারাতে ও ভলিবল খেলায় প্রেরণ করা হয়েছে।এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | মার্চ/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপা: তথ্যসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় তথ্য জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ১৪৩১ বাংলা সনের হাট-বাজার উন্নয়ন খাত (১০%)খাতে ইউনিয়ন ভিত্তিক হাট-ওয়ারী প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প পাওয়া গিয়েছে। এছাড়া ১৪৩০ বাংলা সনে হাট-বাজার উন্নয়ন ১০% খাতে সারাই ইউনিয়ন ১০,০০,০০০/-টাকা এবং হারাগাছ ইউপি ১০,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণ করা সম্ভব হয়নি বিধায় ১৪৩১ সনের টাকার সাথে প্রকল্প নেওয়া হয়েছে । সভায় অনুমোদনের প্রয়োজন।

<u>হাট-বাজার রক্ষনাবেক্ষণ ১০% এর ইউনিয়ন ভিত্তিক প্রকল্পসমূহের তালিকা:</u>

| ক্রম | প্রকল্পের নাম | এলাকা/হাট-বাজারের নাম | প্রাক্কলিত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | জয়বাংলা বাজারে পানি নিষ্কাশনের ড্রেন পূনঃ নির্মাণ ও সংস্কার | ১নং সারাই ইউনিয়নের জয়বাংলা হাট | ৭,০০,০০০/- | ১৪৩০ ব. |
| ০২ | জয়বাংলা বাজারে ময়লা আবর্জনা ফেলানোর জন্য ডাস্টবিন স্থাপন। | | ৩,০০,০০০/- | |
| ০৩ | খানসামা হাট গামী হারাগাছ ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্রের সামন হতে নয়টারীর মোড় পর্যন্ত ২৫০ মি. রাস্তা সংস্কার ও কার্পেটিং | ২নং হারাগাছ ইউনিয়নের খানসামা হাট | ১০,০০,০০০/- | ১৪৩০ ব. |
| ০৪ | খানসামা হাটগামী নাজিরদহ চকরপানি হতে নয়টারী সামছুলের বাড়ি পর্যন্ত ২৪০ মি. রাস্তা সংস্কার করণ | | ৯,৭৭,৮২০/- | ১৪৩১ ব. |
| ০৫ | মীরবাগ বাজারের চারতলার সামনে ব্লক দ্বারা পার্কিং প্লেস নির্মাণ | ৩নং কুর্শা ইউনিয়নের ভূতছাড়া হাট | ৮১,৬৫২/- | দাখিলকৃত প্রকল্পটি পরবর্তীতে সিদ্ধান্তক্রমে বাস্তাবায়ন করা হবে। |
| ০৬ | ভূতছাড়া হাট হতে ইউনিয়ন পরিষদের সামন হয়ে ভূমি অফিসগামী রাস্তায় আরসিসি করণ | | ৪,৫০,০০০/- | রাস্তাটির বিষয়ে NOC পাওয়া গেলে পরবর্তীতে বাস্তাবায়ন করা হবে। |
| ০৭ | তকিপল হাটের হাবিজার মেম্বারের আড়তের সামন হতে মন্দির হয়ে পশ্চিমে ময়েনের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ | ৫নং বালাপাড়া ইউনিয়নের তকিপল হাট | ৫,৪৮,৭১৭/- | |
| ০৮ | তকিপল হাটের সেড ঘরের চালের টিন ও মটকা পরিবর্তন করণ | | ৯২,২৩৫/- | |
| ০৯ | তকিপল হাটের জিলাপি দোকন ও মুক্তার দোকানের সামনে সিসি রাস্তা নির্মাণ | | ৪৯,১৬৯/- | |
| ১০ | তকিপল হাটের মসলা হাটি, চাউল হাটি ও শুটকি হাটির গলিতে সিসি রাস্তা নির্মাণ | | ৯০,৮৮১/- | |
| ১১ | তকিপল হাটের জুতা ও কাপড়ের দোকরেন গলিতে সিসি রাস্তা নির্মাণ ও মাছ হাটির পূর্ব পার্শ্বে ড্রেনের স্লাব নির্মাণ | | ১,২৮,৫৪৮/- | |
| ১২ | ভায়ারহাটের মিলন মিলেটারির বাড়ি হতে বাজার মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসি করণ | ৬নং টেপামধুপুর ইউনিয়নের ভায়ারহাট ও টেপামধুপুর হাট | ৯,০০,০০০/- | |
| ১৩ | টেপামধুপুর হাটের চারদিকে পানি নিষ্কাষনের ড্রেনের ময়লা, জাহিদ মুড়ির বাড়ি পর্যন্ত পরিষ্কার ও সংস্কার করণ | | ৩,২৫,৬৫০/- | |
| | | মোট টাকার পরিমাণ | ৫৬,৪৪,৬৪৫/- | |

**বর্ণিত প্রকল্প সমূহ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।**

বিবিধ :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরে অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকার মধ্যে সরঞ্জামাদি ক্রয় করা প্রয়োজন। তিনি সভায় অনুমোদনের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি আরএফকিউ প্রকল্পের মাধ্যমে বিধি মোতাবেক ক্রয় করে রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,উপজেলা পরিষদের ১৫টি হাট-বাজারের মধ্যে ১ম পর্যায় হতে ৪র্থ পর্যায়ে ১১টি হাট-বাজার সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক ইজারা প্রদান করা হয়েছে। এছাড়া অবশিষ্ট ০৪টি হাট-বাজার খাস আদায় জন্য গত-১০/০৪/২০২৫খ্রি. তারিখে উপজেলা পরিষদ বিশেষ সভায় সিদ্ধান্ত মোতাবেক খাস আদায় কার্যক্রম জন্য জেলা প্রশাসক, রংপুর প্রেরণ করা হলে অনুমোদন পাওয়া গেছে। খাস আদায় কমিটি গঠন করা হয়েছে। কমিটির সিদ্ধান্ত মোতাবেক খাস আদায় পরিচালনা করা হবে। সভায় অনুমোদনের প্রয়োজন। | ১৪৩২ বাংলাসনের ১ম পর্যায় হতে ৪র্থ পর্যায়ে ১১টি হাট-বাজার সরকারি মূল্যের চেয়ে বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক ইজারা প্রদানের সভায় অনুমোদন হয়। ইজারা না হওয়া ০৪টি হাট-বাজার সংশ্লিষ্ট ইউনিয়ন খাস আদায় কমিটি এবং উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়াকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর। |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ১৪৩২ বাংলা সনের উপজেলা হাট-বাজার ইজারা জনিত আনুষাঙ্গিক ব্যয় =৩৬,৭৩০/- টাকা বিল ভাউচার জনাব মোঃ আকমল হোসেন, উপ-প্রশাসনিক কর্মকর্তা অত্রাফিস হাট-বাজার নথি রক্ষণাবেক্ষণকারি কর্তৃক দাখিল করা হয়েছে। তিনি উক্ত বিল রাজস্ব তহবিল হতে দাখিলকৃত আনুষাঙ্গিক ব্যয়ের টাকা প্রদানের সিদ্ধান্তের জন্য সভায় পেশ করেন। | সভায় আলোচনান্তে ১৪৩২ বাংলা সনের উপজেলা হাট-বাজার ইজারা জনিত আনুষাঙ্গিক ব্যয় =৩৬,৭৩০/- টাকা বিল ভাউচারমূলে রাজস্ব তহবিল হতে আবেদনকারিকে ভ্যাট ও আয়কর কর্তন করে চালান মূলে জমা করে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৪/২৫
(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ৫৪৫ — তারিখঃ ০৬/০৫/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। চেয়ারম্যান, ................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
৭। উপজেলা ............................... অফিসার, কাউনিয়া, রংপুর।
৮। অফিস কপি।

০৬/০৫/২৫
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১
unokaunia@mopa.gov.bd